32

আজকের কাগজ

তারিখ: 25 MAY 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

ব্যতিক্রমী একটি শিক্ষা প্রতিষ্ঠান

# কমিউনিটি বেজড মেডিকেল কলেজ

কাগজ প্রতিবেদক ঃ দরিদ্র পীড়িত গ্রামীণ জনগোষ্ঠির কাছে চিকিৎসা সুবিধা পৌছে দেয়ার লক্ষ্যে, বাংলাদেশ একটি ব্যতিক্রম ধর্মী শিক্ষা প্রতিষ্ঠান সম্প্রতি প্রতিষ্ঠিত হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানের নাম কমিউনিটি বেজড মেডিকেল কলেজ। ময়মনসিংহ শহর থেকে ১১ কিলোমিটার দূরে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পূর্ব পার্শ্বে উনোর পার ভাবখালী ইউনিয়ন কতোয়ালি থানায় অবস্থিত এই শিক্ষা প্রতিষ্ঠান চলতি বছর থেকে আনুষ্ঠানিকভাবে কাজ শুরু করছে। এই মেডিকেল কলেজ প্রচলিত শিক্ষার পাশাপাশি, ছাত্রছাত্রীদের শিক্ষাকালীন সময়ে গ্রাম ভিত্তিক একাধিক পরিবারের স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য পরিচর্যার দায়িত্ব দেয়া হবে। কমিউনিটি বেজড শিক্ষা কার্যক্রম শিক্ষা কার্যক্রম গ্রাম হাসপাতালের কমিউনিটি ওয়ার্ড এবং উক্ত গ্রামগুলির পরিবার সমূহ কমিউনিটি বেজ হিসেবে গণ্য হবে। দেশের স্বাস্থ্য উন্নয়নে সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোগে এবং এলক্ষ্যে আমাদের মেডিকেল শিক্ষা ব্যবস্থাকে বাস্তব ভিত্তিক ও মাঠ পর্যায়ে সম্প্রসারিত করাই এই মেডিকেল কলেজের উদ্দেশ্য। উদ্যোক্তাদের পক্ষ থেকে বলা হয়েছে, ভবিষ্যত প্রজন্মের চিকিৎসকের জন্যে তার শিক্ষাকালীন সময়েই জনগোষ্ঠির খুব কাছে অবস্থান নেবে যাতে বিভিন্ন রোগের প্রকৃতি, আচরণ, বিস্তার, নিরোধ ও নিরাময় প্রক্রিয়া সমন্ধে বাস্তবভিত্তিক জ্ঞান লাভ করতে পারে। প্রতি বছরে এই মেডিকেল কলেজে ৫০ জন ছাত্রছাত্রী ভর্তি করা হবে। এদের মধ্যে ১৫টি মেয়েদের জন্যে সংরক্ষিত থাকবে। দরিদ্র ছাত্রছাত্রীদের জন্যে থাকবে বৃত্তির ব্যবস্থা। এরকম মেডিকেল কলেজের উদ্যোক্তা হলেন ময়মনসিংহ মেডিকেল কলেজের প্রাক্তন অধ্যক্ষ ও অধ্যাপক ডাঃ এ আই এম মোফাখখারুল ইসলাম। তার সঙ্গে রয়েছে কিছু নিষ্ঠানবান অভিজ্ঞ চিকিৎসক।